

10776 - ঈমান বৃদ্ধির কারণগুলো কী কী?

প্রশ্ন

ঈমান বৃদ্ধির কারণ কী?

প্রিয় উত্তর

ঈমান বৃদ্ধির কারণগুলো:

প্রথম কারণ:

আল্লাহকে তার নাম ও গুণসমূহসহ জানা। নিঃসন্দেহে মানুষ আল্লাহকে যতবেশি জানবে, তাঁর নাম ও গুণগুলোকে যতবেশি জানবে; ততই তাঁর ঈমান বৃদ্ধি পাবে। এ কারণে আপনি দেখবেন যে সকল আলেম আল্লাহর নাম ও গুণাবলী জানেন এই দিক থেকে তাদের ঈমান যারা তাঁর নাম ও গুণগুলো জানেন না তাদের চেয়ে শক্তিশালী।

দ্বিতীয় কারণ:

আল্লাহর সৃষ্টিগত নিদর্শন ও শরয়ি নিদর্শনগুলো নিয়ে চিন্তাভাবনা করা। কেননা মানুষ যখনই আল্লাহর সৃষ্টিগত নিদর্শন নিয়ে চিন্তাভাবনা করবে তার ঈমান বেড়ে যাবে। আল্লাহ তাআলা বলেন: “আর নিশ্চিত বিশ্বাসীদের জন্য জমিনে অনেক নিদর্শন রয়েছে। এবং তোমাদের নিজেদের মধ্যেও। তবুও তোমরা কি (ভেবে) দেখবে না?” [সূরা যারিয়াত, আয়াত: ২০-২১]

এ সংক্রান্ত আয়াত অনেক। অর্থাৎ মানুষ এই মহাবিশ্ব নিয়ে চিন্তাভাবনা করার মাধ্যম যে তার ঈমান বাড়ে সেটি প্রমাণকারী আয়াত।

তৃতীয় কারণ:

অধিক ইবাদত। কারণ ব্যক্তির নেক আমল যত বাড়বে তার ঈমান ততবেশি বাড়বে; সেই ইবাদত বাচনিক হোক কিংবা কর্মগত হোক। যিকির ঈমানকে পরিমাণগত ও গুণগত দিক থেকে বৃদ্ধি করে। অনুরূপভাবে নামায, রোযা ও হজ্জ পরিমাণগত ও গুণগত দিক থেকে ঈমানকে বৃদ্ধি করে।